# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ শেষ জীবনে কোন মুসলিম ব্যক্তির জন্য মহান আল্লাহ কর্তৃক ভালো কাজের দরজা খুলে দেওয়া, ঐ ব্যক্তির জন্য মহান আল্লাহর কল্যান চাওয়ার আলামত

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ فَتْحَ اللَّهِ عَلَى الْمُسْلِمِ الْعَمَلَ الصَّالِحَ فِي آخِرِ عُمْرِهِ مِنْ عَلَامَةِ إِرَادَتِهِ جَلَّ وَعَلَا لَهُ الْخَيْرَ

---

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ قَالَ: أَخْبَرَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ عَنْ أَبِيهِ قَالَ: سَمِعْتُ عَمْرَو بن الحمق الخزاعي قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا أَرَادَ اللَّهُ بِعَبْدٍ خَيْرًا عَسَلَهُ قَبْلَ مَوْتِهِ) قِيلَ: وَمَا عَسَلُهُ قَبْلَ مَوْتِهِ؟ قَالَ: (يُفْتَحُ لَهُ عملٌ صالحٌ بَيْنَ يَدَيْ مَوْتِهِ حَتَّى يَرْضَى عَنْهُ).

الراوي : عَمْرو بن الحمق الخزاعي | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 343 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৪৩. আমর বিন হামিক আল খুযা‘ঈ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যখন আল্লাহ কোন বান্দার কল্যান ইচ্ছা করেন, তখন মৃত্যুর আগে তাকে মধুময় করেন।” তাঁকে বলা হলো, “মৃত্যুর আগে তাকে মধুময় করেন “ এর মর্ম কী?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “মৃত্যুর আগে তার জন্য ভালো কাজ উন্মুক্ত করে দেওয়া হয়, এমনটি তিনি তাঁর প্রতি সন্তুষ্ট হয়ে যান।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২২৪; বাযযার: ২১৫৫; হাকিম: ১/৩৪০; মাজমা‘উয যাওয়াইদ: ৭/২১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১১১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আমর বিন হামিক আল খুযা‘ঈ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88642

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন